

26.6.2013এর কাউন্সিল হতে ইউরোডাক – ভো (কনভেনশন (ইসি) 603/2013 ধারা. 29 (3) অনুসারে রাজনৈতিক আশ্রয় প্রার্থীদের জন্য তথ্য

আপনি অস্ট্রিয়াতে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন। অতএব, অস্ট্রিয়ার প্রয়োগযোগ্য আইনী নিয়ম অনুসারে (ইউরোপীয়ান ইউনিয়ন) আপনার আঙুলের ছাপ নেয়া হবে।

ফেডারেল অফিসের একজন স্বীকৃত এজেন্ট অথবা জন নিরাপত্তা সেবার স্বীকৃত এজেন্ট এই কাজটি করবেন।

“ইউরোডাক” সিস্টেমের প্রেক্ষাপটে আপনার আঙুলের ছাপের তুলনা করা হবে। এই তুলনায় বর্তমান আইনী প্রক্রিয়া অনুসারে, আপনার আঙুলের ছাপ একটা কেন্দ্রীয় তথ্য ভান্ডার যেখানে ইউরোপীয়ান ইউনিয়নের অন্যান্য সদস্য রাষ্ট্র এবং নরওয়েও, আইসল্যান্ড, সুইজারল্যান্ড এবং লিকটেনস্টাইন তথ্য পাঠিয়েছে তার সাথে যাচাইকৃত হবে। এর উদ্দেশ্য হলো কোন সদস্য রাষ্ট্র আপনার রাজনৈতিক আশ্রয় বিবেচনার দায়িত্ব পাবে তা দ্রুত প্রতিষ্ঠা করা, যদি আপনি এরই মধ্যে অন্য কোন ডাবলিন প্রবিধানের আওতাভুক্ত দেশে থেকে থাকেন।

আপনার তথ্য অস্ট্রিয়ার আইনগতভাবে স্বীকৃত রাজনৈতিক আশ্রয় এবং নিরাপত্তা কর্তৃপক্ষ ও “ইউরোডাক”- সিস্টেমের কেন্দ্রীয় তথ্য ভান্ডার দ্বারা গৃহীত হবে। দরকার হলে, এক বা একাধিক সদস্য রাষ্ট্র যেখানে আপনি এরই মধ্যে থেকেছেন তারা আপনার তথ্য গ্রহণ করবে।

যদি আপনি অস্ট্রিয়াতে রাজনৈতিক আশ্রয়ের জন্য আবেদন করে থাকেন (আর আপনি ১৪ বছর বয়সের বেশী হন), অস্ট্রিয়া ইউরোপীয়ান ইউনিয়নের আইন অনুসারে এর জন্য আপনার আঙুলের ছাপ নিতে বাধ্য।

“ইউরোডাক”- সিস্টেমে আপনার আঙুলের ছাপের তথ্যের উৎস ও মাত্রা সম্পর্কে আপনার জানার অধিকার আছে।

আপনি আরো দাবী করতে পারেন যে, ভুলভাবে গৃহীত তথ্য শুদ্ধ করতে হবে বা বেআইনীভাবে গৃহীত তথ্য বাদ দিতে হবে।

আরো তথ্যের জন্য দয়া করে ফেডারেল অফিসের অথবা জন নিরাপত্তা কর্তৃপক্ষের কর্মী যারা আপনার ঘটনা দেখছেন তাদের কাছে যথা সময়ে হাজির হোন। একজন রাজনৈতিক আশ্রয় প্রার্থী হিসেবে, ফেডারেল অফিসের উপযুক্ত আঞ্চলিক শাখায় ফেডারেল আন্তর্জাতিক মন্ত্রণালয়ের আইনী পরামর্শক এবং ফেডারেল অফিসের উপযুক্ত প্রথম গ্রহণ কেন্দ্রে ফেডারেল আন্তর্জাতিক মন্ত্রণালয়ের আইনী পরামর্শক আপনার সাহায্যের জন্য পাবেন।